গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রনালয়
---

স্মারক নং-ভূঃ মঃ-৯-২৪আইন/৮৭

তারিখ- ১৭/৯/১৯৮৭ ইং
-----------
৩১/৫/১৩৯৪ বাংলা

# আদেশ

বিষয় ঃ ভূমি মন্ত্রনালয়ে আইন কোষ স্থাপন ।

অত্যন্ত সংগত কারনেই এদেশে ভূমির গুরুত্ব অনেক বেশী হলেও এদেশের এই ভূমি সম্পদকে সত্যিকারভাবে রক্ষা বা নিয়ন্ত্রন, তার সর্বোচ্চ সুষম ব্যবহার নিশ্চিতকরন এবং সুন্দর সমাজ গঠনে ভূমি সম্পর্ক সংস্থাপনের সঠিক আইন ব্যবস্থা এবং প্রশাসনিক কাঠামো বর্তমানে অনুপস্থিত ।

২। ভূমির মালিকানা, জরীপ ও খতিয়ান, ব্যক্তি মালিকানায় জমির পরিমান সীমিতকরন, হাটবাজার, জলমহাল ব্যবস্থাপনা ও রক্ষনাবেক্ষন এবং অর্পিত সম্পত্তি, বিনিময় সম্পত্তি, হুকুম দখল ইত্যাদি সংক্রান্ত আইন যুগোপযোগী না হওয়ায় এগুলির ব্যবস্থাপনায় প্রচুর জটিলতা দেখা দিয়েছে । এদেশের শ্যামল উর্বর ভূমি কে বিশেষ ক্ষেত্র হিসাবে ব্যবহারের জন্য ঔপনিবেশিক আমলের রাজস্ব আইন সমূহ তৈরী করা হয়েছিল । ফলে, বর্তমান আইন সমূহের মাধ্যমে সরকারের স্বার্থ সংরক্ষন এবং অবহেলিত মানুষের কল্যান, কোনটাই সম্ভব হচ্ছেনা । সরকারের হাতে উপযুক্ত আইন না থাকায় দেওয়ানী মামলার মাধ্যমে বিস্তর সরকারী সম্পত্তি বেহাত হয়ে যাচ্ছে । প্রচলিত আইনের ফাঁক দিয়ে এবং বিভিন্ন জালিয়াতি ও প্রতারনার আশ্রয় গ্রহন করে অনেক অসাধু ব্যক্তি সরকার ও সাধারন মানুষের স্বার্থের বিরুদ্ধে কাজ করে তাদের অবৈধ ব্যক্তি স্বার্থ চরিতার্থ করছেন । এ অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমানের সকল ভূমি সংক্রান্ত আইন ও অধ্যাদেশের সঠিক মুল্যায়ন হওয়া একান্ত প্রয়োজন ।

৩। উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারের বিঘোষিত ভূমি সংস্কার কর্মসুচীকে সুষ্ঠুভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে, মন্ত্রনালয়ে একটি আইন কোষ স্থাপন করার সিদ্ধান্ত সরকার গ্রহন করেছেন । প্রচলিত আইন সমূহের মুল্যায়ন ও সংশোধন করা ছাড়াও এ কোষ দেশের স্বার্থে এবং সমাজের বিত্তহীন ও নিম্ন বিত্তদের মংগল নিশ্চিত করার লক্ষ্যে নূতন আইন প্রনয়ন সম্পর্কে মন্তব্য ও সুপারিশ প্রনয়ন করবে এবং প্রচেষ্টা চালাবে ।

উপরোল্লিখিত দায়িত্ব পালন ছাড়াও প্রস্তাবিত আইন কোষে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচিত হবে এবং এ ব্যাপারে কার্য্যক্রম গৃহীত হবে ঃ-

(ক) সংশ্লিষ্ট ভূমি ও রাজস্ব সংক্রান্ত সকল আইন সমূহের তালিকা প্রনয়ন ;

(খ)

পর পৃষ্ঠা---২

(খ) জমিদারী উচ্ছেদ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০, ভূমি সংস্কার অধ্যাদেশ, ১৯৮৪, ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ, ১৯৭৬; ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) অর্ডার, ১৯৭২, অর্পিত ও অনাবাসী সম্পত্তি (এ্যাডমিনিস্ট্রেশন রিপিল) অধ্যাদেশ, ১৯৭৬; স্থাবর সম্পত্তি হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২, পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট ১৯১৩, জি, ই, ম্যানুয়াল, সার্ভে এবং সেটেলমেন্ট ম্যানুয়াল সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন, বিধি ও ম্যানুয়াল সম্বলিত রাজস্ব কোড তৈরী ;

(গ) আর্থ সামাজিক প্রয়োজনের প্রেক্ষিতে প্রচলিত রাজস্ব আইন সমূহের অসংগতি, অপূর্নতা ও এুটি সমূহ নিরুপন ;

(ঘ) আইন সমূহকে সরকারের বর্তমান জনকল্যান মুখী ভূমি নীতির লক্ষ্যে ও উদ্দেশ্যে সঠিক সংশোধন ও নূতন আইন তৈরীর প্রস্তাব প্রনয়ন ;

(ঙ) ভূমি সংস্কার নীতি বাস্তবায়ন ও সরকারের স্বার্থ সংরক্ষনের উপর অন্যান্য আইন সমূহের প্রভাব নিরুপন ও তার প্রয়োজনীয় সংশোধনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের সাথে সমন্বয় সাধনের ব্যবস্থা ;

(চ) আইনের বই, ম্যানুয়াল, বিধি সমূহকে বাংলায় অনুবাদ করা ;

(ছ) যেহেতু সুষম ভূমি বন্টন এবং ভূমি অধিকারের নিরাপত্তা নিশ্চিত করন, পল্লী উন্নয়ন তথা জাতীয় উন্নয়নের ভিত্তি, সেহেতু একাজে বিশেষজ্ঞ নিয়োগ, পুস্তক প্রকাশনা, ইত্যাদির ব্যবস্থা করা ;

(জ) দেশের বিভিন্ন কোর্টে বিচারাধীন মন্ত্রনালয়ের বিভিন্ন মোকদ্দমার সুষ্ঠু তদারকির মাধ্যমে ত্বরিৎ নিস্পত্তি নিশ্চিত করন ;

(ঝ) জি, পি, ও এল, জি, পি নির্বাচন, তাঁদের বর্ধিত ফি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন ও তাঁদের কাজের মুল্যায়ন, এবং

(ঞ) পরবর্তীতে আদেশক্রমে অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি ।

৪। মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট উপ-সচিব এবং সহকারী সচিব, ভূমি সংস্কার কোষের সহায়তায়, আইন কোষের উপরোক্ত কার্যাবলীর প্রারম্ভিক কাজ শুরু করবেন । পর্যায়ক্রমে বিশেষজ্ঞ নিয়োগ ও অন্যান্য সহায়তার বিষয়গুলি বিবেচনা করে বিহিত ব্যবস্থা নেওয়া হবে ।

( এম, মোকাম্মেল হক )
সচিব ।

পর পৃষ্ঠা ----৩

স্মারক নং-ভূঃমঃ ৯-২৪আইন/৮৭/ ২২০(১৩) তারিখ- ১৭/৯/৮৭ইং
৩১/৫/১৩৯৪বাং

বিতরণ ঃ-

১। মন্ত্রী পরিষদ সচিব,
মন্ত্রী পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব,
রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেঁজগাঁও, ঢাকা।

৩। সচিব,
সংস্থাপন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব,
আইন ও বিচার মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।

৮। যুগ্ম-সচিব, ১/২, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। জেলা প্রশাসক,------------------------------(সকল)।

১১। তত্ত্বাবধায়ক, সরকারী মুদ্রানালয়, তেজগাঁও, ঢাকা। আদেশের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করবেন।

১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ মোমেনুল হক)
উপ-সচিব।